

চাঁদপুর জেলার ৫০টি ইনোভেশন সংক্রান্ত তথ্য

১. নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে।
২. গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে।
৩. ইতোমধ্যে সম্পন্ন উদ্যোগসমূহ ফলোআপ/ মনিটরিং করা হচ্ছে।
৪. সরকারি সেবা গ্রহণের ক্ষেত্রে জনগণের Time, Cost, Visit (TCV) কমিয়ে জনগণের দোরগোড়ায় সেবা দ্রুত পৌঁছানোর উদ্যোগ নেয়া হয়েছে।
৫. জেলা প্রশাসকের কার্যালয়ের “নাগরিক সেবা সনদ” প্রণয়ন করা হয়েছে।
৬. ৬১টি দপ্তরের ৮০৪টি সেবা নিয়ে সমন্বিত নাগরিক সনদ প্রণয়ন ও Citizen Help Desk নামক মোবাইল এ্যাপস তৈরী।
৭. চাঁদপুর জেলার ৮টি উপজেলার ভূমি অফিসে অটোমেশন ব্যবস্থা চালু করা হয়েছে।
৮. জেলা মার্কেটিং অফিসারের তত্ত্বাবধানে লাইসেন্স গ্রহণকারী সকল ব্যবসায়ীদের ডাটাবেইজ তৈরি করা হয়েছে।
৯. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁদপুর এর তত্ত্বাবধানে গ্রাম পুলিশের ডাটাবেইজ তৈরি করা হয়েছে।
১০. জেলা মৎস্য কর্মকর্তা, চাঁদপুর এর নেতৃত্বে এ জেলার ৪৬০০০ মৎস্য চাষীর ডাটাবেইজ তৈরি করা হয়েছে।
১১. জেলা সমবায় কর্মকর্তা, চাঁদপুর এর নেতৃত্বে এ জেলার ৩০৪৪ টি সমবায় সমিতির ২ লক্ষ ৭৫ হাজার ৫০০ জন সমবায়ীর ডাটাবেইজ তৈরি করা হয়েছে।
১২. জেলা শহরের পুরান বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকার একটি ডিজিটাল এলইডি মনিটরিং বোর্ড স্থাপন করা হয়েছে।
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সহকারী কমিশনার, আইসিটি শাখা এর নেতৃত্বে এ জেলার ২৮ টি দপ্তরে ই-এটেনডেন্স বা ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে।
১৪. জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে বিভিন্ন বিভাগের চিঠি পত্র/নোটিশ জারি করার পরিবর্তে ১০০% ই-মেইলে প্রেরণ করা হচ্ছে।
১৫. dccservice.com এর মাধ্যমে ৮টি সেবাকে অনলাইনে প্রদান করা হচ্ছে।
১৬. ইউডিসি হতে ই-হেলথ সার্ভিস গ্রহণ করা হয়েছে।

১৭. চাঁদপুর শহরকে পর্যটন বান্ধব করার লক্ষ্যে পরিকল্পিতভাবে শহরের রাস্তার ব্যবস্থাপনা, ট্রাফিক ব্যবস্থাপনা ও যানবাহন নিয়ন্ত্রণ, উন্নয়ন ও সংস্কার কার্যের উদ্যোগ নেয়া হয়েছে।
১৮. ১০২টি ফ্রি Wi-Fi জোন প্রতিষ্ঠা করা হয়েছে। এ জোনগুলো হতে প্রতিদিন প্রায় ২০০০ জন ব্যক্তি ইন্টারনেট সুবিধা গ্রহণ করছে।
১৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁদপুর এর নেতৃত্বে ইউডিসির আধুনিকায়ন করা হয়েছে।
২০. জেলা প্রশাসকের নেতৃত্বে সকল দপ্তরের সাথে skype-এর মাধ্যমে নেট মিটিং চালুকরার কার্যক্রম গৃহীত হয়েছে।
২১. সকল কর্মকর্তাকে আইসিটি বান্ধব করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
২২. জেলা প্রশাসকের কার্যালয়ে একটি আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।
২৩. জেলা প্রশাসক ও সহকারী কমিশনার, আইসিটি শাখা এর নেতৃত্বে সকল সরকারি দপ্তরকে সোশ্যাল মিডিয়া (ফেসবুক গ্রুপে) অন্তর্ভুক্ত করা হচ্ছে।
২৪. জেলা তথ্য অফিসার, চাঁদপুর এর নেতৃত্বে উঠান বৈঠকের সময় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাধারণ জনগণের মাঝে সরকারি তথ্য পৌঁছে দেয়া হচ্ছে।
২৫. বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে সরকারিভাবে ৪০টি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়েছে এবং প্রায় ২৫০০ রোগীকে সেবা দেয়া হয়েছে।
২৬. সরকারিভাবে ২০০ টি কবুতর পালন খামার স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।
২৭. জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং বিভিন্ন সেবা ও কর্মের জন্য আগত সাধারণ লোকজনের জন্য ফ্রি সুপেয়, নিরাপদ ও বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হয়েছে।
২৮. চাঁদপুর জেলা ব্র্যান্ডিং করা হয়েছে। ২৮ সেপ্টেম্বর ২০১৬ ব্র্যান্ডিং সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
২৯. এ জেলার প্রবাসীদের ডাটাবেইজ করার কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৭২ হাজার প্রবাসীর ডাটাবেইজ তৈরি করা হয়েছে।
৩০. জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুরে শাখাভিত্তিক নাগরিক সনদ প্রদর্শন করা হচ্ছে।
৩১. দালাল মুক্ত অফিস গঠনে প্রত্যেক শাখার সামনে কর্মকর্তা ও কর্মচারীদের ছবিসহ নাম টানানো হয়েছে।
৩২. কাইজেন বাস্তবায়নের মাধ্যমে অফিস, সার্কিট হাউজ ও জেলা প্রশাসকের বাংলোর সমস্যা সমাধান করা হচ্ছে।
৩৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক “সিটি অব হিলশা বা ইলিশের বাড়ী চাঁদপুর” নামে চাঁদপুর জেলাকে ব্র্যান্ডিং করা হয়েছে।

৩৪. নাগরিক সেবা সনদ জেলা ওয়েব-পোর্টালে প্রকাশ করা হয়েছে।
৩৫. নাগরিক সেবা সনদ ডিসি অফিস চাঁদপুর ফেইজবুকে প্রকাশ করা হয়েছে।
৩৬. ২১৩টি অফিস ও শিঁা প্রতিষ্ঠানকে সিসিটিভির আওতায় আনা হয়েছে।
৩৭. ভাসমান খাঁচায় মাছ চাষ: চাঁদপুর জেলা প্রশাসন ইতিমধ্যে সফলভাবে ভাসমান খাঁচায় মাছ চাষের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।
৩৮. বাল্যবিবাহ প্রতিরোধে ডাটা সংগ্রহ করা হচ্ছে এবং চাঁদপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত করতে কর্মসূচি গৃহীত হয়েছে।
৩৯. পুলিশ বিভাগের মাধ্যমে মাদক মুক্ত জেলা গঠনে ক্রাশ প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে।
৪০. বিবাহ নিবন্ধক ব্যতিত মুসলিম ধর্মাবলম্বীদের যারা বিয়ে পড়ান, তাদের ডাটাবেজ তৈরী করা হয়েছে। মোট সংখ্যা- ১৬১৭ জন।
৪১. বিবাহ নিবন্ধক ব্যতিত সনাতন ধর্মাবলম্বীদের যারা বিয়ে পড়ান তাদের ডাটাবেজ তৈরী করা হয়েছে। মোট সংখ্যা- ৩০ জন।
৪২. বিবাহ নিবন্ধক ব্যতিত খ্রিষ্টান ধর্মাবলম্বীদের যারা বিয়ে পড়ান তাদের ডাটাবেজ তৈরী করা হয়েছে। মোট সংখ্যা- ১ জন।
৪৩. জেলা তথ্য অফিসার, চাঁদপুর এর নেতৃত্বে উঠান বৈঠকের সময় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাধারণ জনগণের মাঝে সরকারি তথ্য পৌঁছে দেয়া হচ্ছে।
৪৪. chandpurilish.com/ নামে অনলাইনে চাঁদপুরে ই-ইলিশ বাজার প্রতিষ্ঠা করা হয়েছে। ২৩ নভেম্বর ২০১৬ ইলিশ বাজার উদ্বোধন করা হয়েছে।
৪৫. ইতোমধ্যে ৩টি ইউনিয়ন পরিষদে ই-লাইব্রেরী প্রতিষ্ঠা করা হয়েছে। উক্ত লাইব্রেরী দুটো থেকে সপ্তাহে প্রায় ৫০ জন ব্যক্তি বই পড়া এবং অন্যান্য সেবা গ্রহণ করছে।
৪৬. প্রায় ৩০০টি মাধ্যমিক বিদ্যালয়ে স্থানীয় উদ্যোগে ৮০০টি কম্পিউটার ক্রয় করা হয়েছে।
৪৭. চাঁদপুর জেলার রেজিস্টার্ড সিএনজি অটোরিক্সা চিহ্নিতকরণ।
৪৮. বৈশাখ মাস জুড়ে সাহিত্য ও সাংস্কৃতিক মাস চালুকরা হয়েছে।
৪৯. ১৫ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর ক্রীড়া মাস চালু করা হয়েছে।
৫০. শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কল সেন্টার চালু করা হয়েছে। ০১৭১৯৪৪৪৪৪৪ নাম্বারে ফোন করে তার বিভিন্ন সমস্যার দ্রুত সমাধান পেতে পারে।

